যুগান্তর

তারিখ 15 AUG 2016
পৃষ্ঠা ৭ কলাম ৭

### ডিআইএ ও মাউশিতে শুদ্ধি অভিযান

# প্রভাবশালী ৭ কর্মকর্তাকে বদলি

যুগান্তর রিপোর্ট

'দুর্নীতির দুর্গ' খ্যাত মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি) এবং পরিদর্শন ও নিরীক্ষা অধিদফতরে (ডিআইএ) শুদ্ধি অভিযান শুরু করেছে শিক্ষা মন্ত্রণালয়। এরই অংশহিসেবে রোববার ৭ প্রভাবশালী কর্মকর্তাকে বদলি করা হয়েছে। এদের মধ্যে ৫ জনকে পাঠানো হয়েছে ঢাকার বাইরে। বদলির আদেশ পাওয়া কর্মকর্তারা হলেন— উপপরিচালক এসএম বশীরউল্লাহ, সহকারী পরিচালক মোহাম্মদ হাবিবুর রহমান, এটিএম আল ফাত্তাহ, ড. আনোয়ার হোসেন, শারমিন সুলতানা এবং উপপরিচালক মোহাম্মদ তাজিবউদ্দিন। অনিয়ম-দুর্নীতি ছিল এসব কর্মকর্তার নিত্যসঙ্গী। তাদের বিরুদ্ধে সেবাপ্রার্থী এবং মাউশির কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে দুর্ব্যবহারের অভিযোগ রয়েছে। শিক্ষা ক্যাডারে ডিআইএ মধুর হাঁড়ি হিসেবে পরিচিত। এই সংস্থার বিভিন্ন কর্মকর্তার বিরুদ্ধে শিক্ষা প্রতিষ্ঠান তদন্ত ও পরিদর্শনে গিয়ে অর্থ হাতিয়ে নেয়ার অভিযোগ আছে। একারণে এ সংস্থায় শিক্ষা মন্ত্রণালয় শুদ্ধি অভিযান শুরু করে। রোববার উপপরিচালক এসএম কামরুজ্জামানকে বদলি করে পাঠানো হয়েছে সাতকানিয়া সরকারি কলেজে। এর আগে শিক্ষা পরিদর্শক আবুল কালাম আজাদকে বদলি করা হয়। কয়েকদিন আগে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ যুগান্তরকে বলেছিলেন, মাউশি এবং ডিআইএসহ বিভিন্ন সংস্থায় শুদ্ধি অভিযান চালানো হবে। যাদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ এসেছে তাদের সরিয়ে দেয়া হবে। এছাড়া তদন্তসাপেক্ষে তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেয়া হবে।